

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
পুরাতন বিমান বন্দর ভবন  
তেজগাঁও, ঢাকা।

বিজ্ঞপ্তি

নং-বাসককস/ইউ-৪/বিপ-৭/২য়/২০১০/৩০

তারিখঃ ০৩/০৮/২০১০খ্রিঃ।


বিষয় : ২০১০ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা প্রসংগে।

সংশ্লিষ্ট সবার অবগতির জন্য জানান যাচ্ছে যে, বিসিএস ক্যাডার ও নন-ক্যাডার (শ্রম পরিদপ্তরের(শ্রম শাখা) কলকারখানা ও প্রতিষ্ঠান সমূহের পরিদর্শন পরিদপ্তরের কারিগরি/অকারিগরী কর্মকর্তা, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরী/ অকারিগরী কর্মকর্তা, নিবন্ধন পরিদপ্তরের সাব-রেজিস্ট্রার এবং বিনিয়োগ বোর্ড-এর কর্মকর্তা) কর্মকর্তাদের ২০১০ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছু কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত পদ্ধতি অনুযায়ী আবেদন করতে হবেঃ-

- (ক) কমিশন কর্তৃক ২০১০ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার জন্য প্রেরিত আবেদন পত্রে ও প্রাসঙ্গিক ক্ষেত্রে অনুমতি পত্র পূরণ করতঃ প্রার্থীকে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদনপত্রের ফটোকপি গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র মূলকপিই গ্রহণযোগ্য হবে।
- (খ) আবেদন পত্রের যথাস্থানে প্রার্থীর এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তার(মন্ত্রণালয়/বিভাগ এর উপ-সচিব বা তদুর্ধ্ব পর্যায়ের) সীলসহ স্বাক্ষর থাকতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।
- (গ) অনুমতি পত্রে মন্ত্রণালয়/বিভাগের উপ-সচিব বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তার সীলসহ স্বাক্ষর থাকতে হবে। আবেদন পত্র ও প্রাসঙ্গিক ক্ষেত্রে অনুমতি পত্র এক সংগে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।
- (ঘ) প্রার্থী যে পত্রে/বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক আবেদন পত্রে ও প্রবেশ পত্রে তার সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে। উল্লিখিত বিষয়/পত্র ব্যতীত পরীক্ষায় অংশ গ্রহণ করা যাবে না।
- (ঙ) আবেদন পত্র আগামী ২০/১০/২০১০খ্রিঃ, বুধবার (অফিস চালাকালীন সময় পর্যন্ত) এর মধ্যে ঢাকাস্থ কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গন্য করা হবে।

২। আবেদন পত্র, প্রবেশ পত্র এবং অনুমতি পত্রের ছক পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের মধ্যে বিতরণের জন্য কমিশন সচিবালয় থেকে সকল মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/সিভিল সার্জন/ সরকারী কলেজের অধ্যক্ষ-এর নিকট প্রেরণ করা হচ্ছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে উল্লিখিত পত্রের ছক সংগ্রহ করার জন্য পরীক্ষার্থীদের অনুরোধ করা যাচ্ছে।

৩। আবেদন পত্র, প্রবেশ পত্র এবং অনুমতি পত্রের ছক এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য কর্ম কমিশনের ওয়েব সাইটেও (www. bpsc. gov.bd) পাওয়া যাবে।

  
১০৯৮/১০  
(মোঃ জাহিরুল হক)  
পরিচালক।  
ফোন-৯১১৮১৮৯